**১৫-১৮ জুন, ২০১৩ আর্জেন্টিনার বিদেশমন্ত্রীর ভারত সফর**

আগামী ১৫-১৮ জুন ২০১৩ আর্জেন্টিনার বিদেশমন্ত্রী মিঃ হেকটার মার্কোস টিমারম্যান ভারত সফরে আসছেন। তিনি ভারতের পররাষ্ট্রমন্ত্রী শ্রী সলমন খুরশিদের সংগে যৌথভাবে ভারত-আর্জেন্টিনা চতুর্থ যৌথ কমিশনের বৈঠকের পৌরোহিত্য করবেন। আর্জেন্টিনার বিদেশ,আর্থিক ,বৈদেশিক বাণিজ্য ও কৃষি মন্ত্রকের ২০ জন উচ্চপদস্থ অফিসার তাঁর সফর সঙ্গী হয়ে আসছেন।

২. আগামী ১৭ জুনের যৌথ কমিশনের বৈঠকে উভয়পক্ষ ভারত-আর্জেন্টিনার মধ্যে রাজনৈতিক,আর্থিক,বাণিজ্যিক,কৃষি, বিজ্ঞান ও প্রযুকতি,প্রতিরক্ষা ও সাংস্কৃতিক বিষয় সহ ভারত-আর্জেন্টিনার সামগ্রিক দ্বিপাক্ষিক সম্পর্ক পর্যালোচনা এবং সহযোগিতার নতুন ক্ষেত্রগুলি চিহ্নিত করা হবে। তাঁরা অভিন্ন স্বার্থের আর্ন্তজাতিক ও আঞ্চলিক ক্ষেত্রের ঘটনাবলী সম্পর্কেও মত বিনিময় করবেন।

৩.আর্জেন্টিনার বিদেশমন্ত্রী পর্যায়ে সর্বশেষ ভারত সফর ঘটেছিল ২০০৬ সালে এবং ভারতের পররাষ্ট্রমন্ত্রী আর্জেন্টিনা গিয়েছিলেন ২০১৩ সালের ফেব্রুয়ারি মাসে। আজেন্টিনার প্রেসিডেন্ট কিরস্টিনা ফাণার্ন্ডেজ দ্য কিরছেনার ২০০৯ সালের অকটোবর মাসে ভারতে এসেছিলেন।

৪. গণতন্ত্র,আইনের শাসন ও সর্বব্যাপী আর্থিক বিকাশের অভিন্ন মুল্যবোধের ভিত্তিতেই ভারত-আজেন্টিনার মধ্যে উষ্ণ বন্ধুত্বমুলক সম্পর্ক গড়ে উঠেছে। আর্ন্তজাতিক বহুবিধ বিষয়ে উভয় দেশের মধ্যে বোঝাপড়া রয়েছে। জি-২০ দেশসমুহের অন্যতম সদস্য আর্জেন্টিনা ২০১৩-১৪ সালের জন্য রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য রূপে দায়িত্ব পালন করছেন। ২০১২(জানুয়ারি-ডিসেম্বর) সালে ভারত ও আর্জেন্টিনার মধ্যে বার্ষিক বাণিজ্যের পরিমাণ ছিল প্রায় ২ বিলিয়ন মার্কিন ডলার।

**নয়াদিল্লি**

**১৪ জুন,২০১৩**